



উপপরিচালক

মোংলা বন্দর কর্তৃপক্ষ

মোংলা, বাগেরহাট।

টেলিফোন: ০২-৮৭৭৫৩৭৮০

ওয়েবসাইট: www.mpa.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি

নতুন বছরের প্রথমদিনেই বন্দর জেটিতে চারটি বিদেশি বাণিজ্যিক জাহাজ।

২০২৪-২৫ অর্থবছরে মোংলা বন্দরে বিদেশি বাণিজ্যিক জাহাজ আগমন, কার্গো হ্যান্ডলিং, কন্টেইনার হ্যান্ডলিং, গাড়ি আমদানি এবং আয় সকল লক্ষ্যমাত্রাই সফলভাবে অতিক্রম করেছে। বন্দরের এ সাফল্যের ধারাবাহিকতায় ২০২৫-২৬ অর্থবছরের প্রথম দিন অর্থাৎ ১লা জুলাই বন্দরের ০৫ নং জেটিতে ২৯৯ টি ইইউজ কন্টেইনার নিয়ে সিঙ্গাপুর পতাকাবাহী জাহাজ কোটা রেস্টু, ০৬ নং জেটিতে চিটাগুড় নিয়ে পানামার পতাকাবাহী জাহাজ এমটি হাইয়ং, ০৭ নং জেটিতে রূপপুর পাওয়ার প্লান্টের মেশিনারিজ নিয়ে সিয়েরা লিওন পতাকাবাহী জাহাজ এমভি হিস্ট্রি এডওয়ার্ড এবং ০৯ নম্বর জেটিতে পাওয়ার গ্রীড কোম্পানির মেশিনারিজ নিয়ে পানামা পতাকাবাহী জাহাজ এমভি ডি এস প্রপার্টি এ ৪ টি বিদেশী বাণিজ্যিক জাহাজ অবস্থান করছে। এছাড়াও বন্দর চ্যানেলের হাড়বাড়িয়ায় ০৭ টি, বেসক্রিক এলাকায় ০২ টি, এলপিজি জেটিতে ০১ টি সহ পোর্ট লিমিটের মধ্যে মোট ১৪ টি বিদেশী জাহাজ অবস্থান করছে। এ সকল জাহাজে রয়েছে পাওয়ার গ্রীড অব কোম্পানি ও রূপপুর প্রজেক্টের মেশিনারিজ পণ্য, কঘলা, চিটাগুড়, চাল, সার, ক্লিংকার, এলপিজি, পাথর এবং সিমেন্ট তৈরির কাঁচামাল ইত্যাদি।

স্বাক্ষরিত/-

০১/০৭/২০২৫

মোঃ মাকরুজামান

উপপরিচালক

মোংলা বন্দর কর্তৃপক্ষ